**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 03-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ দুর্গা পুজো শেষে প্রশাসনের কড়া নজরদারিতে রাজ্য জুড়ে চলছে প্রতিমা নিরঞ্জন পর্ব। # আগামী রবিবার কলকাতার রেড রোডে পুজো কার্নিভালে অংশ নেবে নির্বাচিত পুজোগুলি।

২/ শারদীয়া উৎসবের দিনগুলিতে কলকাতায় আইনভঙ্গের বিভিন্ন কারণে গ্রেওতার শতাধিক।

৩/ RG KAR হাসপাতালের নিহত তরুণী চিকিৎসকের বাবা মা, মেয়ের জন্য ন্যায়বিচার না পাওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ডাক দিয়েছেন।

৪/ জলপাইগুড়ির ধূপগুড়ির এশিয়ান হাইওয়েতে পথ দুর্ঘটনায় গতকাল তিনজনের মৃত্যু হয়েছে। আহত পাঁচ ।

৫/ নিম্নচাপের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা। # উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে প্রবল ঝড়ে ক্ষতিগ্রস্ত শতাধিক বাড়ি। আহত বেশ কয়েকজন। # টানা বৃষ্টিতে ধসের ফলে বিপর্যস্ত সিকিমে আটকে পড়েছেন অনেক পর্যটক।

******************************************************************************

বাঙালীর প্রাণের শারদোৎসবের শেষে কলকাতা সহ রাজ্যের জেলাগুলিতে প্রতিমা নিরঞ্জন পর্ব চলেছে। কলকাতার দইঘাট, বিচালীঘাট, বাবুঘাট, আহিরীটোলা ঘাট, কুমোরটুলি এবং বাজেকদমতলা ঘাটে গতকাল পারিবারিক পুজোর প্রতিমা নিরঞ্জন হয়েছে। এর মধ্যে বাজেকদমতলা, নিমতলা এবং জাজেস ঘাটে প্রতি বছরের মতো এবারও সবচেয়ে বেশি প্রতিমা নিরঞ্জন হবে বলে মনে করা হচ্ছে। প্রতিটি ঘাটে রয়েছে ক্রেন, অস্থায়ী আলোকসজ্জা, লাইফবোট, ডুবুরিদল ও বর্জ্য অপসারণের ব্যবস্থা। কলকাতা পুরসভা ও পুলিশের পক্ষ থেকে বিসর্জন উপলক্ষে জোরদার বন্দোবস্ত করা হয়েছে। কলকাতা ২৫টি অন্যতম ঘাটকে চিহ্নিত করে ঠাসা নিরাপত্তার ব্যবস্থা করেছে লালবাজার।

একটি প্রতিবেদন- ( ভয়েস কাস্ট- অভিরূপ )

এদিকে, বিজয়াদশমীর শোভাযাত্রায় ডিজে বাজানো বা অতিরিক্ত শব্দদূষণের অভিযোগ এলে সঙ্গে সঙ্গে আইনানুগ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

কলকাতার মতো জেলার পুজোতেও থাকছে কড়া পুলিশি ব্যবস্থা। কলকাতা বাদে বাকি জেলাগুলিতে সব মিলিয়ে ১৫ হাজারেরও বেশি পুলিশ মোতায়েন রয়েছে।

**********************

আগামী রবিবার ৫ তারিখে কলকাতার রেড রোডে পুজো কার্নিভাল অনুষ্ঠিত হবে। বিশ্ব-বাংলা শারদ সম্মান পাওয়া পুজোগুলির বেশিরভাগই এবারের কার্নিভ্যালে যোগ দেবে বলে জানা গেছে। জেলাগুলিতে পুজো কার্নিভাল হবে আগামীকাল দিন ৪ঠা অক্টোবর। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সদস্যরা কার্নিভ্যালে উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

**********************

শহরের নির্বাচিত পুজোগুলিকে নিয়ে আগামী রবিবার কলকাতার রেড রোডে প্রস্তাবিত পুজো কার্নিভালের জন্য কলকাতা পুলিশ যান চলাচল নিয়ন্ত্রণ করবে। রেড রোড সংলগ্ন

রাস্তা এবং এক্সাইড মোড় থেকে হেস্টিংস পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচল দুপুর ১২ টা থেকে ৩'টের মধ্যে নিয়ন্ত্রণ করা হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

অনুষ্ঠানের দিন দুপুর ২'টো থেকে কার্নিভাল শেষ না হওয়া পর্যন্ত রেড রোড, লাভার্স লেন, কুইন্স ওয়ে সহ রাস্তাগুলিতে, যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

**********************

শারদীয়া উৎসবের দিনগুলিতে কলকাতায় আইনভঙ্গের বিভিন্ন কারণে শতাধিক গ্রেপ্তার করেছে পুলিশ। শুধুমাত্র বুধবার নবমীর রাত্রেই উচ্ছৃঙ্খল আচরণের জন্য গ্রেপ্তার করা হয়েছে ১২৭ জনকে। ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগে পাকড়াও করা হয়েছে ৩৫৩ জনকে, হেলমেট ছাড়া বাইক চালানোর জন্য এক হাজার ৮৯ জনের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে ট্রাফিক পুলিশ। মদ্যপান করে বাইক ও গাড়ি চালাতে গিয়ে ধরা পড়েছেন ১৬৭ জন। সব মিলিয়ে চতুর্থী থেকে নবমী পর্যন্ত ব্যবস্থা নেওয়া হয়েছে, আট হাজার ২৭৭ জনের বিরুদ্ধে।

**********************

দমদমে দুটি দুর্গা পুজোর বিসর্জনকে কেন্দ্র করে গতকাল উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। ইমামি সিটি হাউজ নামে একটি আবাসনের দুটি পুজোর একটির প্রতিমা নিরঞ্জন ছিল গতকাল। বাঁশের ব্যারিকেড থাকায় সমস্যার সৃষ্টি হয় বলে অভিযোগ। পুলিশী হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

**********************

মেদিনীপুর শহরের নাজিরগঞ্জে যুবসংঘ মাঠে একটি দুর্গাপুজোর প্যান্ডেলে গতকাল হঠাত'ই আগুন লেগে যায়। শর্ট সার্কিট থেকেই এই অগ্নিকান্ড বলে পুলিশের প্রাথমিক অনুমান। দমকলের একটি ইঞ্জিন সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনার সময় প্যান্ডেলে যথেষ্ট ভিড় থাকলেও, হতাহতের কোনো খবর নেই।

**********************

তৃণমূল কংগ্রেস, বাংলার সংস্কৃতির বিরোধী বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। গতকাল বালুরঘাটে একটি পুজো মন্ডপের মঞ্চের সামনে তৃণমূল কংগ্রেসের তরফে পাল্টা মঞ্চ বেঁধে গান এবং রাজনৈতিক স্লোগান চালানো হচ্ছিল বলে সুকান্তবাবুর অভিযোগ।

( বাইট- সুকান্ত )

**********************

কলকাতার RG KAR হাসপাতালের নিহত তরুণী চিকিৎসকের বাবা মা, বিচার না পাওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ডাক দিয়েছেন। তাঁরা নাগরিক সমাজকে এব্যাপারে এগিয়ে আসার জন্য আবেদন জানান।

নিহত চিকিৎসকের মা গতকাল সাংবাদিকদের কাছে বলেন, প্রভাবশালী কিছু ব্যক্তি তাঁদের মেয়ের খুন ও ধর্ষণের সঙ্গে যুক্ত। উৎসবে যোগ দিলেও, মানুষকে অভয়ার কথা ভুলে না যাওয়ার অনুরোধ'ও জানিয়েছেন তিনি। বিচার না পাওয়া পর্যন্ত তাঁরা লড়াই চালিয়ে যাবেন বলেও নিহত চিকিৎসকের বাবা মা জানিয়েছেন।

**********************

দুর্গাপুজো শেষ হতেই হুগলী জেলার চন্দননগরে বিভিন্ন সর্বজনীন পুজো কমিটির খুঁটি পুজোর মধ্য দিয়ে জগদ্ধাত্রী পুজোর প্রস্তুতি শুরু হয়েছে। শোভাযাত্রা ও প্যান্ডেলগুলিতে আলোকসজ্জা দেখতে চন্দননগরে প্রতি বছর ভিড় জমান প্রচুর মানুষ। এবার সাজসজ্জার ক্ষেত্রেও কিছু বৈচিত্র আনার দিকে নজর দেওয়া হচ্ছে বলে জানিয়েছে বিভিন্ন পূজা কমিটি।

**********************

জলপাইগুড়ির ধূপগুড়ির এশিয়ান হাইওয়ে 4-A দু-নম্বর ব্রীজ সংলগ্ন এলাকায় গতকাল এক পথ দুর্ঘটনায় অন্ততঃ ৩ জনের মৃত্যু হয়েছে। আহত ৫ জন।

জানা গেছে, জলপাইগুড়ির দিক থেকে দ্রুত গতিতে আসা একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে বাইকে ধাক্কা দেয়। পরে সেটি দুটি দোকানের ভিতর ঢুকে যায়। ঘটনাস্থলেই মৃত্যু

হয় দু'জনের। পরে হাসপাতালে নিয়ে যাওয়ার পথে আরো একজন প্রাণ হারান। নিহত সন্তোষ রায়, সুমিত কুমার বিশ্বাস, ডোকসা রায় স্থানীয় বাসিন্দা। আহত ৫ জনের মধ্যে তিনজনকে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠানো হয়েছে। গাড়িটি পুলিশ আটক করলেও চালক পলাতক।

**********************

উত্তর ২৪ পরগণার ভাঙড়ে তৃণমূল কংগ্রেস এবং ISF কর্মী সমর্থকদের মধ্যে সংঘর্ষে এলাকায় উত্তেজনা ছড়ায়। স্থানীয় ISF নেতা ওহিদুল মোল্লার বাড়িতে গিয়ে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা ব্যাপক মারধোর করে বলে অভিযোগ। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। এরপরেই তৃণমূল কর্মীদের পাল্টা মারধোর করা হয় বলে অভিযোগ। দুপক্ষের সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়েছেন। ঘটনাস্থলে যান ক্যানিং পূর্বের তৃণমূল কংগ্রেস বিধায়ক শওকত মোল্লা। তিনি ISF-এর বিরুদ্ধে এলাকায় সন্ত্রাস ছরানোর অভিযোগ তোলেন।

**********************

নিম্নচাপের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উপকূলীয় জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দমকা হাওয়ার বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হবিবুর )

এদিকে, উত্তরবঙ্গের সব জেলাতেই ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।
অন্যদিকে, দমকা হওয়ার জেরে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনায় মৎস্যজীবীদের গভীর সমুদ্রে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

**********************

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে মাত্র এক মিনিটের প্রবল ঝড়ে লন্ডভন্ড হয়েছে একটি বিরাট এলাকা। শতাধিক বাড়ির ক্ষয়ক্ষতি হয়েছে বলে খবর। আহত বেশ কয়েকজন।

প্রায় ৩০টি বিদ্যুতের খুঁটি উপ্ড়ে যাওয়ায়, বিদ্যুৎ বিচ্ছিন্ন বিস্তীর্ণ এলাকা। প্রশাসনের পক্ষ থেকে উপযুক্ত ত্রাণ পাঠানো হয়েছে।

**********************

এক টানা বৃষ্টি এবং পাহাড়ে ধসের ফলে উত্তর সিকিমের যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত। সমস্যার মুখে পড়েছেন, বহু পর্যটক ও স্থানীয় বাসিন্দা। জানা গেছে, মাঙ্গণ-চুংথাং-এর মধ্যে সংযোগকারী একাধিক গুরুত্বপূর্ণ রাস্তা বর্তমানে অচল। ধস নেমেছে, টুং-নাগা নতুন সড়ক এবং ফিডাং-সাংলালাং রিংখোলা এলাকায়। সবচেয়ে খারাপ অবস্থা চুংথাং থেকে লাচেনগামী রাস্তার। ধসের ফলে সেটি সম্পূর্ণ অবরুদ্ধ। তবে, লাচেন থেকে গুরুডংমার পর্যন্ত রাস্তা অবশ্য খোলা রয়েছে। আবহাওয়া দফতরের পক্ষ থেকে আগামী কয়েকদিন ভারী বৃষ্টির পূর্বাভাষ থাকায় প্রশাসন সতর্ক রয়েছে। পর্যটক ও স্থানীয়দের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে পরামর্শ দেওয়া হয়েছে।

**********************

অন্যান্য বছরের মত এবারও কলকাতা মেট্রো রেল আজ একাদশীর দিন ব্লু লাইনে মোট ২৭২-এর পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ২৩৬ টি ট্রেন চালাবে। তবে, প্রথম ও শেষ পরিষেবার সময়সূচী অপরিবর্তিত থাকছে।

পাশাপাশি, গ্রিন, ইয়েলো, পার্পেল ও অরেঞ্জ লাইনে ট্রেন পরিষেবা অন্যান্য দিনের মত থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

*************************************************************************